কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯-১৫,

তারিখঃ ২৫-০১-২০২৩

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের উপর গত ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( ডিসেম্বর /২০২২ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২২-২৩ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ( ডিসেম্বর/২০২২ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (জানুয়ারি,২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ১০-০২-২০২৩ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:masudrana325@gmail.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২৫/০১/২০২৩

(মাসুদ রানা)
সহকারী পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৪৮
e-mail:masudrana325@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপপরিচালক ( রপ্তানী উন্নয়ন শাখা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। প্রকল্প সমন্বয়ক, এফএও এর কৃষকের বাজার প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, সেচ ভবন, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, জেলা পর্যায়ে “কৃষকের বাজার” স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৮। কর্মসূচি পরিচালক, অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন কর্মসূচি, ঢাকা।
৯। কর্মসূচি পরিচালক, রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি।
১০। ড. নাসরিন সুলতানা,সহকারী পরিচালক, (গবেষণা শাখা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির উপর গত ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( ডিসেম্বর/২০২২ পর্যন্ত) সভার কার্যবিবরণী।**

সভাপতি: ওমর মোঃইমরুল মহসিন
মহাপরিচালক (রুটিন দায়িত্ব),কৃষি বিপণন অধিদপ্তর।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

তারিখ : ২২ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির ডিসেম্বর/২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য সহকারী পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | গত ২৬/১০/২২ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | সহকারী পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০২২-২৩ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচির কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৪টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক মোট ১২৩৫৫.০০ লক্ষ টাকা এবং ০৩টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ৩৫৬.৭৩ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৪টি বিনিয়োগ প্রকল্পের আওতায় ডিসেম্বর,২০২২ পর্যন্ত ৩৩৯৮.০০ লক্ষ (২৭.৫০%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে ডিসেম্বর,২০২২ পর্যন্ত ১৬১১.০০ লক্ষ (১৩.০৪%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১৮০.৩৩৫ লক্ষ (৫০.৩৬%) টাকা ছাড় করা হয় এবং ডিসেম্বর,২০২২ পর্যন্ত ৪.৪৮ লক্ষ (১.২৫%) টাকা ব্যয় করা হয়। প্রায় ০৬ (ছয়) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০২২-২৩ অর্থ বছরে অর্থ ছাড় অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি গতিশীল করার লক্ষ্যে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.২ স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)** শীর্ষক প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় পণ্য ও সেবার দরপত্র আহবান কার্যক্রম কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিসেম্বর,২০২২ তারিখের মধ্যে সকল দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা থাকার পরও অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এছাড়া প্রকল্পের আওতায় কৃষক প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোর ম্যাচিং গ্র্যান্ট প্রদান, উদ্যোক্তা তৈরী ইত্যাদি কার্যক্রম দ্রুত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া

অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক ও প্রকল্পের মূলডিপিপিতে নেই এমন কোন বিষয় ক্রয়/সংগ্রহ না করতে সভাপতি নির্দেশনা দেন। ২০২২-২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৩ **"কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ"** শীর্ষক প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণ/ ক্রয় কার্যক্রম দ্রুত সম্পাদন করে স্থাপনা নির্মাণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণের জন্য যেসকল জায়গা ইতোমধ্যে নির্ধারিত হয়েছে উক্ত জায়গায় নির্মাণ কাজ শুরু করার জন্য টেন্ডার আহবান করতে সভাপতি নির্দেশনা দেন। জিরো এনার্জি কুল চেম্বারের নির্মাণ কাজ দ্রুত শেষ করাসহ মনিটরিং ব্যবস্থা আরো জোরদার করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২০২২-২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৪ **"কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত শেষ করে এ মৌসুমে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ করতে সভাপতি নির্দেশনা দেন। কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর নির্মাণ কাজে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সংরক্ষণ ঘর তৈরীর পর স্থানীয় পর্যায়ে কিছু প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে এসেম্বল সেন্টারের জন্য যে ব্যয় প্রাক্কলন দেয়া আছে উক্ত ব্যয় ধরে এসেম্বল সেন্টারের টেন্ডার আহবান করার জন্য সভাপতি নির্দেশনা দেন। অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক ও প্রকল্পের ডিপিপিতে নেই এমন কোন বিষয় ক্রয়/সংগ্রহ না করতে সভাপতি নির্দেশনা দেন। ২০২২-২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৫ **"আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় কৃষক পর্যায়ে আলুর ঘর তৈরীর দ্রুত উদ্যোগ গ্রহণ এবং এ মৌসুমে আলু সংরক্ষণ করতে সভাপতি নির্দেশনা দেন। অর্থ মন্ত্রনালয়ের পরিপত্র মোতাবেক যেহেতু ২০২২-২৩ অর্থ বছরের প্রশিক্ষণ খাতে ব্যয় হ্রাস করা হয়েছে সেহেতু দুইটি ঘরের অর্ধেক সদস্যদের নিয়ে একটি গ্রুপ তৈরী করে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। আলু ও পেঁয়াজ সংরক্ষণের পর আলু ও পেঁয়াজের কতটুকু ওজন ঘাটতি, অপচয়, লাভ/ক্ষতি ইত্যাদির একটি প্রতিবেদন তৈরী করে মহাপরিচালক,কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে সভাপতি নির্দেশনা দেন। কৃষক পর্যায়ে আলু সংরক্ষণ ঘর নির্মাণ কাজে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৬: জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) কর্তৃক বাস্তবায়িত **"Farmers' Market-Safe horticultural crop production in peri-urban areas and marketing in Dhaka City to mitigate the impact of COVID-19 crisis" শীর্ষক প্রকল্পের** আওতায় কৃষকের বাজার নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার লক্ষ্যে প্রয়োজনীয় বিদ্যুত সংযোগ, পানির ব্যবস্থা ও কৃষকের বাজার নির্মাণের নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী করার জন্য সভাপতি, প্রকল্প সমন্বয়ক, এফএও এর কৃষকের বাজার প্রকল্পকে নির্দেশনা প্রদান করেন।

২.৭ **"জেলা পর্যায়ে "কৃষকের বাজার" স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ"** শীর্ষক কর্মসূচির কৃষকের বাজার কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করাতে হবে। ইতোমধ্যে যে সকল পণ্য ও যন্ত্রপাতি ক্রয়/ সংগ্রহ করা হয়েছে তার পরীক্ষা মূলক কার্যক্রম সম্পাদন এবং কৃষক বিপণন দল গুলোকে সচল রাখার উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৮ **"অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন"** শীর্ষক কর্মসূচির ওয়েব ভিত্তিক কাজ গুলো আগামী ফেব্রুয়ারী/২০২৩ মধ্যে সমাপ্ত করে জনগনের সেবার জন্য উন্মুক্ত করে দিতে হবে। এছাড়া পিপিএনবি অনুযায়ী যে সকল কাজ এখনো করা হয়নি সেগুলো দ্রুত সম্পান্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.৯ **"রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন"** শীর্ষক কর্মসূচির আওতায় টমেটো সংরক্ষণাগার করার জন্য জায়গা নির্বাচন করার ক্ষেত্রে স্থানীয় নিবার্হী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাদের সম্পৃক্ত করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া অনুমোদিত পিপিএনবি অনুযায়ী ও অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক যাবতীয় কাজ দ্রুত সম্পান্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

৩. **দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনা ও বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আগামী ফেব্রুয়ারী/২০২৩ এর মধ্যে কাঠাঁলের বহুমুখী ব্যবহার ও রপ্তানী বৃদ্ধিকরণ প্রকল্প শীরোনামে একটি ডিপিপি প্রস্তুত পূর্বক নীতি ও পরিকল্পনা শাখার প্রদান করার জন্য ড. নাসরিন সুলতানাকে দায়িত্ব প্রদান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া আলু রপ্তানি বৃদ্ধির কর্মপরিকল্পনা-২০২৩ অনুযায়ী বিষয় ও কার্যক্রমের ভিত্তিতে যথাসময়ে কাজ শেষ করার জন্য রপ্তানী শাখাকে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য সভাপতি নির্দেশনা দেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | (ক) নির্ধারিত সময়ের মধ্যে কৃষক প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোর মাঝে ম্যাচিং গ্র্যান্ট প্রদান , উদ্যোক্তা তৈরীর কাজ শেষ করতে হবে।<br>(খ) প্রকল্পের আরডিপিপিতে নেই এমন কোন বিষয় ক্রয়/সংগ্রহ করা যাবেনা। অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৪.২ | (ক) অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণের জন্য যেসকল জায়গা ইতোমধ্যে নির্ধারিত হয়েছে উক্ত জায়গায় নির্মাণ কাজ শুরু করার জন্য টেন্ডার আহবান করতে হবে।<br>(খ) জিরো এনার্জি কুল চেম্বারের নির্মাণ কাজ দ্রুত শেষ করাসহ মনিটরিং ব্যবস্থা আরো জোরদার করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। |
| ৪.৩ | (ক) কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত শেষ করে এ মৌসুমে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ করতে হবে। এছাড়া ঘর নির্মাণ কাজে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে করতে হবে।<br>(খ) সংরক্ষণ ঘর তৈরীর পর স্থানীয় পর্যায়ে কিছু প্রশিক্ষণের আয়োজন এবং প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে এসেম্বল সেন্টারের জন্য যে ব্যয় প্রাক্কলন দেয়া আছে উক্ত ব্যয় ধরে এসেম্বল সেন্টারের টেন্ডার আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৪ | (ক) আলু সংরক্ষণের জন্য উপযুক্ত জায়গা নির্বাচন করে কৃষক পর্যায়ে আলুর ঘর তৈরীর দ্রুত উদ্যোগ গ্রহণ এবং এ মৌসুমে আলু সংরক্ষণ করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ খাতে ব্যয় হ্রাস করার কারণে দুইটি ঘরের অর্ধেক সদস্যদের নিয়ে একটি গ্রুপ তৈরী করে প্রশিক্ষণের আয়োজন এবং কৃষক পর্যায়ে আলু সংরক্ষণ ঘর নির্মাণ কাজে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | প্রকল্প পরিচালক আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প । |
| ৪.৫ | কৃষক পর্যায়ে আলু ও পেঁয়াজ সংরক্ষণের পর আলু ও পেঁয়াজের কতটুকু ওজন ঘাটতি, অপচয়, লাভ/ক্ষতি ইত্যাদির একটি প্রতিবেদন তৈরী করে | প্রকল্প পরিচালক আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন" শীর্ষক প্রকল্প |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | মহাপরিচালক,কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। | ও<br>প্রকল্প পরিচালক<br>কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৬ | কৃষকের বাজার নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার লক্ষ্যে প্রয়োজনীয় বিদ্যুত সংযোগ, পানির ব্যবস্থাসহ মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | প্রকল্প সমন্বয়ক<br>এফএও এর কৃষকের বাজার প্রকল্প। |
| ৪.৭ | কৃষকের বাজার কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করাতে হবে। ইতোমধ্যে যে সকল পণ্য ও যন্ত্রপাতি ক্রয়/ সংগ্রহ করা হয়েছে তার পরীক্ষা মূলক কার্যক্রম সম্পাদন এবং কৃষক বিপণন দল গুলোকে সচল রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। | কর্মসূচি পরিচালক<br>জেলা পর্যায়ে "কৃষকের বাজার" স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ, শীর্ষক কর্মসূচি |
| ৪.৮ | কর্মসূচির ওয়েব ভিত্তিক কাজ গুলো আগামী ফেব্রুয়ারী/২০২৩ মধ্যে সমাপ্ত করে জনগনের জন্য উন্মুক্ত করে দিতে হবে। এছাড়া পিপিএনবি অনুযায়ী যে সকল কাজ এখনো করা হয়নি সেগুলো দ্রুত সম্পান্ন করতে হবে। | কর্মসূচি পরিচালক<br>অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন শীর্ষক কর্মসূচি |
| ৪.৯ | কর্মসূচির আওতায় টমেটো সংরক্ষণাগার করার জন্য জায়গা নির্বাচন করার ক্ষেত্রে স্থানীয় নিবার্হী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে। এছাড়া অনুমোদিত পিপিএনবি অনুযায়ী ও অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক যাবতীয় কাজ দ্রুত সম্পান্ন করতে হবে। | কর্মসূচি পরিচালক<br>রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি |
| ৪.১০ | অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক এবং ২০২২-২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ/পিপিএনবি অনুযায়ী প্রকল্প/ কর্মসূচি যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৪.১১ | (ক) কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার আহবান করে সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৪.১২ | আগামী ফেব্রুয়ারী/২০২৩ এর মধ্যে কাঠাঁলের বহুমুখী ব্যবহার ও রপ্তানী বৃদ্ধিকরণ প্রকল্প শীরোনামে একটি ডিপিপি প্রস্তুত পূর্বক নীতি ও পরিকল্পনা শাখার প্রদান করতে হবে। | ড. নাসরিন সুলতানা<br>সহকারী পরিচালক<br>(গবেষণা শাখা) |
| ৪.১৩ | আলু রপ্তানি বৃদ্ধির কর্মপরিকল্পনা-২০২৩ অনুযায়ী বিষয় ও কার্যক্রমের ভিত্তিতে যথাসময়ে কাজ শেষ করতে হবে। | উপ পরিচালক<br>(রপ্তানী উন্নয়ন শাখা) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ওমর মোঃইমরুল মহসিন)
মহাপরিচালক(রুটিন দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর